# রেজিস্ট্রার দপ্তর

## গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-৮১০৫

স্মারক নং-গোবিপ্রবি/র/জপ্র/নিয়োগ/শাখা-০২/২০২৬/২৬-২৯/ ৫১৩

তারিখ ঃ ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এ নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| অনুষদের নাম | ক্র. | বিভাগ/দপ্তরের নাম | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| বিজ্ঞান অনুষদ | ১. | পরিসংখ্যান | সহকারী অধ্যাপক (৩৫৫০০-৬৭০১০) | ০১ | **সহকারী অধ্যাপক**<br>(১) সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। কৃষি অনুষদভূক্ত বিভাগসমূহে ০৫ বছর মেয়াদী ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>(২) স্নাতকোত্তর ডিগ্রিধারী আবেদনকারীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অভিজ্ঞতা/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠানে চাকুরির অভিজ্ঞতা শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ তবে সর্বোচ্চ ০২ (দুই) বছর গণনাযোগ্য হবে।<br>(৩) এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>(৪) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>(৫) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।<br>(৬) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.৫০ থাকতে হবে এবং সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে।<br>**প্রভাষক**<br>(১) সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>(২) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। কৃষি অনুষদভূক্ত বিভাগসমূহে ০৫ বছর মেয়াদী ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে এবং (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা ০৫ বছর মেয়াদী ডিভিএম/সমমান পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হবেন। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।<br>(৩) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.৫০ থাকতে হবে এবং সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে।<br>(৪) এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রীর জন্য উল্লিখিত যোগ্যতার কোনো শর্ত কোনভাবেই শিথিলযোগ্য হবে না। |
| | | | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০৩ | |
| | ২. | মনোবিজ্ঞান | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০২ | |
| | ৩. | উদ্ভিদবিজ্ঞান | সহকারী অধ্যাপক (৩৫৫০০-৬৭০১০) | ০১ | |
| | | | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০১ | |
| সামাজিক বিজ্ঞান অনুষদ | ৪. | অর্থনীতি | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০২ | |
| | ৫. | আন্তর্জাতিক সম্পর্ক | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০২ | |
| ইঞ্জিনিয়ারিং অনুষদ | ৬. | অ্যাপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জি: | সহকারী অধ্যাপক (৩৫৫০০-৬৭০১০) | ০১ | |
| | ৭. | সিভিল ইঞ্জি: | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০২ | |
| ব্যবসায় শিক্ষা অনুষদ | ৮. | ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০১ | |
| আইন অনুষদ | ৯. | আইন | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০১ | |
| ইনস্টিটিউট | ১০. | ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ | প্রভাষক (গ্রেড-৯) (২২০০০-৫৩০৬০) | ০২ | মানবিকী, আইন ও সামাজিক বিজ্ঞান অনুষদভূক্ত বিভাগসমূহ এবং নিচে উল্লেখিত বিষয়সমূহের প্রার্থীরাই আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। উক্ত আবেদনকারীদের উপরে উল্লেখিত যে যোগ্যতা নির্ধারণ করা হয়েছে তা থাকতে হবে।<br>(** সংশ্লিষ্ট বিষয় বলতে বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, ভাষা, সাহিত্য, ফোকলোর, নাট্যকলা, দর্শন, প্রত্নতত্ত্ব, নৃবিজ্ঞান, অর্থনীতি, সরকার ও রাজনীতি/ রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ভূগোল, পরিবেশ, দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন, সঙ্গীত, শিল্পকলা, আইন, শিক্ষাসহ মানবিক এবং সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভূক্ত সকল বিষয় বুঝাবে।) |

**অধিকতর যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য

**শিক্ষক নিয়োগের যোগ্যতা, অভিজ্ঞতা ও শর্তসমূহ ইউজিসি কর্তৃক ০৫/০৪/২০২১ তারিখে অনুমোদিত পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের নীতিমালা অনুসরন করা হয়েছে যা ৩২তম রিজেন্ট বোর্ড সভায় অনুমোদিত হয় এবং পরবর্তীতে ৩৮তম রিজেন্ট বোর্ড সভায় পরিমার্জিত হয়। পরিমার্জিত যোগ্যতা, অভিজ্ঞতা ও শর্তসমূহ অনুযায়ী বিজ্ঞপ্তি প্রস্তুতকৃত।**

## শর্তাবলী ঃ

১) প্রত্যেক পদে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম-এ আবেদন করতে হবে।
২) আবেদন ফরম অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.gstu.edu.bd থেকে সংগ্রহ করতে হবে।
৩) আবেদনের সর্বোচ্চ বয়সসীমা ঃ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ৩২ বছর, এমফিল ডিগ্রিধারীদের ৩৪ বছর ও পিএইচডি ডিগ্রিধারীদের ৩৬ বছর।
৪) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকারি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য তবে তাঁকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫। আবেদনপত্র জমাদানের শেষ তারিখে বয়স গণনা করতে হবে।
৬) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
৭) অনলাইন ও দুরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।
৮) প্রতি পদের জন্য ৬০০/-(ছয়শত) টাকা অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং ০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গোবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মুল অংশ ১টি A4 সাইজের সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মুল কপির সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে জমা ভাউচারের স্ক্রল নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র অবশ্যই A4 সাইজের খামে/বড় খামে জমা দিতে হবে।

৯) প্রত্যেক পদের আবেদনকারীদের **১০ (দশ)** সেট আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফরম এর সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, পজিশনের প্রমানপত্র, প্রকাশিত প্রবন্ধের ফটোকপি (যদি থাকে), অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), জাতীয়তার সনদ ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

১০) খামের উপর বিভাগ/দপ্তরের নাম ও পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১১) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে প্রতিটি আবেদন ফরম এ লাগাতে হবে।

১২) কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনস্কেল উল্লেখপূর্বক), ও আনুষঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।

১৩) আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে রেজিস্ট্রার, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর অনুকূলে পৌঁছানোর শেষ তারিখ **২৫/০৬/২০২৬ বিকাল** ০৪.০০ টা।

১৪) প্রার্থীদের সাক্ষাৎকার/পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৫) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬) অভ্যন্তরীন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

১৭) নিজ ঠিকানা উল্লেখপূর্বক ১০ টাকা মূল্যের ডাক টিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১৮) সংশ্লিষ্ট বিষয় বলতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়কেই বুঝাবে।

১৯) বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।

২০) গোবিপ্রবি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বর্জন, নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৪/৫/২৬

(মো: এনামউজ্জামান)
রেজিস্ট্রার
গোবিপ্রবি, গোপালগঞ্জ।